



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

জার্নাল অব লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স-এর মোড়ক উন্মোচন অনুষ্ঠিত



১২ ফেব্রুয়ারি-২০১৮, রবিবার লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুষদের উদ্যোগে প্রকাশিত 'জার্নাল অব লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স'-এর ভলিউম-২ (১, ২)-২০১৬ এবং ভলিউম-৩ (১, ২)-২০১৭-এর মোড়ক উন্মোচন অনুষ্ঠান উপাচার্য মহোদয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। এসময় প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান জার্নালের মোড়ক উন্মোচন করেন।

এসময় লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. কাজী সাইফুদ্দীন, জার্নালের প্রধান সম্পাদক ও উক্ত অনুষদের প্রাক্তন ডিন অধ্যাপক ড. মোঃ জাকারিয়া মিয়া, লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুষদভুক্ত বিভাগীয় প্রধান এবং জার্নালের সহযোগী সম্পাদক ড. আবদুল বাকী উপস্থিত ছিলেন।